

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ) রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(৬) গীতসংহিতা ৪৫/১-১৭

বাইবেলের অন্যতম পুস্তক Psalms, বাংলায় গীতসংহিতা, সামসঙ্গীত বা জবুর। এটা ইহুদি বাইবেলে ২৭ নং প্রটেস্ট্যান্ট বাইবেলে ১৯ নং এবং ক্যাথলিক বাইবেলে ২৩ নং পুস্তক। এ পুস্তকের ৪৫ গীতের শুরুতে দাউদ বলেন: "আমার হৃদয়ে শুভকথা উথলে উঠছে; আমি বাদশাহ্র বিষয়ে আমার রচনা বিবৃত করবো; আমার জিহবা দক্ষ লেখকের লেখনীস্বরূপ।" (জবুর ৪৫/১)। অনেক মুসলিম গবেষক দাবি করেন যে, দাউদের এ বর্ণনা মুহাম্মাদ (ﷺ) বিষয়ক ভবিষ্যদ্বাণী। বাদশাহ দাউদের মুখের এ ভবিষ্যদ্বাণী মুহাম্মাদ (ﷺ) ছাড়া আর কোনো ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে না। উইকিপিডিয়া এ প্রসঙ্গে লেখেছে: "Psalm 45:1-17 is a prophecy and a song of praise for the king. Several Muslim writers raised the argument that it is describing no one other than Muhammad for the following reasons…"

"জবুর ৪৫/১-১৭ একটা ভবিষ্যদ্বাণী ও বাদশাহের প্রশংসার একটা গীত। অনেক মুসলিম লেখক যুক্তি প্রদান করেছেন যে, এ গীতে যার বর্ণনা দেওয়া হয়েছে তিনি মুহাম্মাদ (ﷺ) ছাড়া আর কেউ নন। তাদের যুক্তিগুলো নিম্নরূপ:....

- (ক) বাদশাহর প্রশংসায় সৌন্দর্য ও রহমতের সমস্বয় প্রসঙ্গে বলা হয়েছে: "তুমি মানুষের চেয়ে পরম সুন্দর; তোমার ওষ্ঠাধর থেকে রহমত ঝরে পড়ে। এজন্য আল্লাহ্ চিরকালের জন্য তোমাকে দোয়া করেছেন।" (জবুর ৪৫/২, মো.-১৩)। লক্ষণীয় যে, নবী ও ধর্মপ্রবর্তকদের মধ্যে একমাত্র মুহাম্মাদের অনুসারীরাই সর্বদা তাঁর নামের সাথে 'সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম', অর্থাৎ 'আল্লাহর দোয়া ও শান্তি তাঁর উপর' বলেন। এভাবে তাঁর জন্য আল্লাহ্ চিরস্থায়ী দোয়ার ব্যবস্থা করেছেন।
- (খ) এরপর জিহাদ, ধার্মিকতা ও বিনম্রতার সমন্বয় বিষয়ে বলা হয়েছে: "হে বীর, তোমার তলোয়ার কোমরে বাঁধ, তোমার গৌরব ও মহিমা গ্রহণ কর। আর স্বীয় প্রতাপে কৃতকার্য হও, বাহনে চড়ে যাও, সত্যের ও ধামির্কতাযুক্ত নম্রতার পক্ষে, তাতে তোমার ডান হাত তোমাকে ভয়াবহ কাজ শেখাবে। তোমার সমস্ত তীর ধারালো, জাতিরা তোমার পদতলে পতিত হয়, বাদাশাহ্র দুশমনদের অন্তর বিদ্ধ হয়।" (জবুর ৪৫/৩-৫, মো.-১৩)
- (গ) বাদশাহর অনেক স্ত্রী থাকবেন এবং তাদের মধ্যে শাহজাদীরা থাকবেন: "তোমার মহিলারত্নদের মধ্যে শাহজাদীরা আছেন, তোমার ডান দিকে দাঁড়িয়ে আছেন রাণী, ওফীরের সোনা দিয়ে সেজে আছেন" (জবুর ৪৫/৯, মো.-১৩)।
- আয়েশা (রা) ও হাফসা (রা) ছিলেন পরবর্তী দু বাদশাহ আবু বকর (রা) ও উমারের (রা) কন্যা। আর সাফিয়্যাহ বিনত হুআই (রা) ছিলেন খাইবারের ইহুদি শাসক হুআই ইবন আখতাবের কন্যা।
- (ঘ) বাদশাহ দাউদ এ গীতে তাঁর নিজের কন্যাকে সম্বোধন করে যা বলেছেন তা খাইবারের ইহুদি শাসক হুআই



ইবনু আখতাবের কন্যা সাফিয়্যাহর ক্ষেত্রে হুবহু প্রযোজ্য: "বৎস, শোন, দেখ, কান দাও; তোমার জাতি ও তোমার পিতৃকুল ভুলে যাও। তাতে বাদশাহ্ তোমার সৌন্দর্য বাসনা করবেন; কেননা তিনিই তোমার প্রভু, তুমি তাঁর কাছে সেজ্দা কর।" (জবুর ৪৫/১০-১১, মো.-১৩)।

কিতাবুল মোকাদ্দস-২০০৬-এর অনুবাদ: "হে কন্যা, শোন, মন দাও, কান খাড়া কর। তোমার লোকদের তুমি ভুলে যাও, ভুলে যাও তোমার পিতার বাড়ির কথা। তাহলে বাদশাহ তোমার সৌন্দর্যে ধরা দেবেন, তিনিই তোমার প্রভু, তাঁকে পায়ে ধরে সালাম কর।"

- (७) দাউদ বলেছেন যে, এ বাদশাহকে দূরের বাদশাহ হাদিয়া পাঠাবেন: "টায়ার-কন্যা উপটোকন নিয়ে আসবেন, ধনী লোকেরা তোমার কাছে ফরিয়াদ করবেন।" (জবুর ৪৫/১২, মো.-১৩)। মিসরের শাসক মুকাওকিস মুহাম্মাদ (變於)_কে উপহার প্রেরণ করেছিলেন।
- (চ) গীতটার শেষে বলা হয়েছে যে, তিনি 'মহা-প্রশংসিত' হবেন: ''আমি তোমার নাম সমস্ত বংশ পরম্পরায় স্মরণ করাব, এজন্য জাতিরা যুগে যুগে চিরকাল তোমার প্রশংসা করবে।'' (জবুর ৪৫/১৭, মো.-১৩)। এটি সুস্পষ্টভাবে 'মুহাম্মাদ' নামের প্রতি ইঙ্গিত করছে, যার অর্থ 'অতি-প্রশংসিত' বা 'মহা-প্রশংসিত'।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14657

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন